গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪২.০১৯.২৬-৩৬৭

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ / ১১ জুন, ২০২৬

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচির আওতায় অর্থ উপ-বরাদ্দ প্রদান।**

সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৫১.০১.০০০০.০১২.১৪.০১২.২৫ (অংশ-১).-৫৪১ তারিখঃ ১১-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচির আওতায় লালমনিরহাট জেলার লালমিনরহাট সদর উপজেলায় উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত ০৫টি বিশেষ প্রকল্পের বিপরীতে ২০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহা সদর এর অনুকুলে নিম্নোক্তভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম/বিবরণ | উপ-বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ছাড়কৃত অর্থের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | লালমনিরহাটি সদর | রাজপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ছিরামধুরাম মৌজার ঝুলন্ত ব্রীজ এর উন্নয়ন | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০২ | ,, | বড়বাড়ী ইউনিয়নের শিবরাম মৌজার মরহম আজিুর রহমান বাচ্চুর বাড়ি হতে বড় ডোবা পর্যন্ত রাস্তায় মাটি ভরাট | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৩ | ,, | বড়বাড়ী ইউনিয়নের শিবরাম কার্তিক পালের বাড়ি হতে সহিদ মন্ডলের বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৪ | ,, | বড়বাড়ী ইউনিয়নের শিবরাম মেহের উল্লার বাড়ি হতে মোহসীন এর বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৫ | ,, | বড়বাড়ী ইউনিয়নের বড়বাড়ী বাজার হতে আমবাড়ি পর্যন্ত রাস্তায় দুপাশের গাছ রক্ষণাবেক্ষণ | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| | মোট= | ৫টি প্রকল্প | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা | |

**শর্তাবলীঃ**

(১) ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০-০৬-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(২) এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো রকণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিক ২০২১ (সংশোধনীসহ) বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার ( ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/ কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।

(৪) এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (টাকা), ১৪৯০১০১- কোড হতে ব্যয় নির্বাহ করতে হবে;

(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে;

(৬) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/ জবাব দিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;